

# অক্ষর ও সংখ্যা নিয়ে খেলুন

অক্ষর ও সংখ্যা দিয়ে আপনি সব ধরনের খেলা খেলতে পারেন, তাদের আকৃতি ও শব্দ থেকে শুরু করে নতুন শব্দসমূহ যেগুলির প্রথম অক্ষর একই। আপনার শিশু চিনতে পারে এমন সংখ্যাগুলি আপনি খুঁজে দেখতে পারেন, যেমন- আপনার দরজার নম্বর বা তাদের বয়স, এবং দেখুন সেগুলি আপনি বাস, দোকান বা রাস্তার সাইনে খুঁজে পায় কি না। মনে রাখবেন, অক্ষর ও সংখ্যা সব জায়গায় রয়েছে!

## স্টার টিপ

আপনার শিশুর সাথে জোরে জোরে গুনুন - সামনের দরজাটিতে পোঁছানোর জন্য আপনাকে কতগুলি পদক্ষেপ নিতে হয় বা পার্কে হেঁটে যাওয়ার সময় আপনি কতগুলি ল্যাম্পপোস্ট পেরিয়ে যান!

## স্মল টক ধারণা

জাঙ্ক মেইল এবং পুরনো ম্যাগাজিনে যে অক্ষরগুলি আপনি খুঁজে পান সেগুলি সম্পর্কে কথা বলুন। অক্ষরগুলি কেটে নিন ও একটি কোলাজ তৈরি করুন। দেখুন আপনি আপনার শিশুর নামের প্রথম অক্ষর খুঁজে পান কি না। যদি তারা এখনো অক্ষরটিকে চিনতে না পারে তবে এটিকে একসাথে আঁকুন এবং দেখুন যে আপনি বাইরে থাকাকালীন সেটিকে খুঁজে পান কি না।



## 'I'm going to the park'

পার্কে যাওয়ার সময় আপনি কী নিবেন তা বলে পালা বদল করে করে একটি খেলা খেলুন। নিয়মটি হলো আপনি 'p' দিয়ে শুরু হয় কেবল এমন জিনিস নিতে পারবেন (যেমন- 'আমি পার্কে যাচ্ছি এবং আমি একটি picnic/ parrot/pencil সাথে নিয়ে যাচ্ছি')। আপনি যে জায়গায় যাচ্ছেন তা পরিবর্তন করে আপনি আরো মজা করতে পারেন (যেমন- সমুদ্রের তীরে, যেখানে আপনি কেবল 's' দিয়ে নাম শুরু হয় এমন জিনিস নিয়ে যেতে পারেন)। আপনি যা যা নিবেন তার সবগুলো কি আপনি মনে করতে পারেন?

## প্লাস্টিসিন বা প্লে ডো অক্ষর

প্লাস্টিসিন দিয়ে অক্ষরের আকৃতি তৈরি করতে চেষ্টা করুন অথবা আপনার নিজের প্লে ডো তৈরি করুন।

একসাথে মেশান:

- মিহি ময়দা দুই কাপ
- ½ কাপ ঠান্ডা পানি
- তিন টেবিল চামচ ভেজিটেবল অয়েল
- এক টেবিল চামচ লেবুর রস (ঐচ্ছিক)
- যেকোনো খাবার রঙ বা গ্লিটার যেমন- আপনি চান



## স্মল টক ধারণা

আপনার শিশুর প্রাথমিক পড়াকে উৎসাহিত করতে অক্ষরের নামের পরিবর্তে অক্ষরটির ধ্বনি ব্যবহার করুন। 'I'm going to the park' বা 'I spy' এর মতো খেলাগুলি একসাথে খেলার সময় অক্ষরের ধ্বনির ব্যবহারের ফলে শিশুরা পড়া শেখার সময় শব্দগুলি উচ্চারণ করতে শিখবে।